মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.৪১১.১১.০০৬.২৪- ৬২০/৯

তারিখঃ ১২/০৮/২০২৪ খ্রিঃ

## চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন যান্ত্রিক ও তড়িৎ বিভাগে সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তিভিত্তিক ২০ (বিশ) জন 'ভারী যানবাহন চালক' নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|---|
| ১। | ভারী যানবাহন চালক | ২০ (বিশ) টি | অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর | (ক) অষ্টম শ্রেণি পাশ;<br>(খ) বি,আর,টি,এ প্রদত্ত ভারী যানবাহন চালনার লাইসেন্স; এবং<br>(গ) ড্রাইভিং এ অন্যূন ৬ (ছয়) বছরের অভিজ্ঞতার মধ্যে কার্গো/ কন্টেইনার হ্যান্ডলিং ইকুপমেন্ট পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | জাঃ বেঃ স্কেঃ ২০১৫ এর ১৫তম গ্রেডভুক্ত (আলোচনা সাপেক্ষে) |

শর্তাবলিঃ

১. প্রার্থীকে মবক এর ওয়েবসাইট www.mpa.gov.bd এ প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী আবেদন করতে হবে।

২. **আবেদন শুরুর তারিখ ১৪/০৮/২০২৪ খ্রিঃ**। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর **২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা হাতে হাতে পৌঁছাতে হবে।**

৩. সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল সনদ ও ০১ (এক) কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/জন্ম সনদ পরীক্ষার সময় সাথে আনতে হবে, যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মকর্তার নামাঙ্কিত সিলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি পরীক্ষার সময় সাথে আনতে হবে।

৪. পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট-www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে এবং টেলিফোনের মাধ্যমে যোগ্য প্রার্থীদের জানানো হবে।

৫. দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিল করা হবে।

৬. আবেদনকারী প্রার্থীর পূর্ববর্তী সময়ে কোন প্রতিষ্ঠান থেকে বহিস্কৃত হওয়ার রেকর্ড/ প্রমাণক থাকলে ঐ প্রার্থী চাকরির জন্য বিবেচনার অযোগ্য হবেন।

৭. এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮. আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালে ০১৭৫৩৭৯৭৫৩২ নম্বরে যোগাযোগ করা যাবে।

০৮/৮/২০২৪

মোঃ নুরুজ্জামান
উপসচিব
পরিচালক (প্রশাসন)

CamScanner

| ৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ২ কপি) |
|---|

## আবেদন ফরম

বরাবর

.....................................................................

.....................................................................

.....................................................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : |

| | | |
|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডারঃ | | |
| ১৪. | ধর্ম : | | ১৫. | পেশা | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। সাক্ষাৎকারের সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

CamScanner